

নং- শাঃ১৫/বিবিধ ১৫-১২/২০০৮/ ৪০৬


তারিখ : ২৩ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ  
০৭ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিষ্টাব্দ

বিষয় : চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে গ্যাস সংযোগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০০৫ সালে চট্টগ্রাম বিভাগীয় শহরের পশ্চিম পার্শ্বে উত্তর হালিশহর এলাকায় দেশের অন্যতম চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয়। উক্ত প্রতিষ্ঠানে ১০০ আসন বিশিষ্ট ০১ টি ছাত্রী হোস্টেল, ক্যান্টিন ও আরো ০১ টি ছাত্রী হোস্টেল নির্মানাধীন আছে। অদ্যাবধি চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে কোন গ্যাস সংযোগ নাই।

০২। উক্ত প্রতিষ্ঠানে গ্যাস সংযোগ না থাকায় লাকড়ি দিয়ে হোস্টেলের রান্না করা অনেক ব্যয় বহুল যা ছাত্রীদের ব্যয়ভার বহন করা কষ্টসাধ্য। তাছাড়া কেমিষ্টি ল্যাব ও বিভিন্ন ল্যাব এ ব্যবহারিক ক্লাশ পরিচালনায় বিঘ্ন ঘটছে।

০৩। বর্ণিত অবস্থায়, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে গ্যাস সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ হায়দার আলী মোল্লা)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৬৯৭২৬

সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতি ও কার্যার্থে:

- ১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। অধ্যক্ষ, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, চট্টগ্রাম, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

এ বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রেখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে গ্যাস সংযোগের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।